

৩। রহিতকরণ ও হেফাজত—(১) Bangladesh Shilpa Bank (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৫৯ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Ordinance এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২০০৯ সনের ১৫ নং আইন

Bangladesh Laws (Revision and Declaration) Act, 1973 (Act No. VIII of 1973) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Bangladesh Laws (Revision and Declaration) Act, 1973 (Act No. VIII of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন—(১) এই আইন Bangladesh Laws (Revision and Declaration) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ৫ নভেম্বর ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Act No. VIII of 1973 এ নূতন section 6A এর সন্নিবেশ—Bangladesh Laws (Revision and Declaration) Act, 1973 (Act No. VIII of 1973) এর section 6 এর পর নিম্নরূপ নূতন section 6A সন্নিবেশিত হইবে, যথা :

“6A. (1) In addition to the printing of Bangladesh Code in the manner as referred to in section 6, the Bangladesh Code so printed, may also be made available in digitized form through Read only Memory (ROM) like Compact Disc (CD), Digital Versatile Disc (DVD), etc. with necessary security measures against likely tampering or unauthorized change in the documents.

(2) Bangladesh Code may also be made available through website.

(3) Acts of Parliament, Ordinances and President's Orders may also be made available through website under the name and style of Laws of Bangladesh and such laws shall be updated from time to time.

- (4) In case of any doubt or discrepancy about the authenticity of the printed text and electronically printed digitized text, the text of original gazette shall prevail.”।

৩। রহিতকরণ ও হেফাজত।—(১) Bangladesh Laws (Revision and Declaration) (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৫১ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশ দ্বারা সংশোধিত Bangladesh Laws (Revision and Declaration) Act, 1973 (Act No. VIII of 1973) এর অধীন কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আশফাক হামিদ

সচিব।